ضعيف بهذا السياق



# 🔳 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩৩৭

১/ বিবিধ

### আরবী

إن جبريل ذهب بإبراهيم إلى جمرة العقبة، فعرض له الشيطان فرماه بسبع حصيات فساخ، فلما أراد إبراهيم أن يذبح ابنه إسحاق قال لأبيه: يا أبت أو ثقني لا أضطرب، فينتضح عليك من دمي إذا ذبحتني، فشده، فلما أخذ الشفرة فأراد أن يذبحه نودي من خلفه (أن يا إبراهيم قد صدقت الرؤيا)

أخرجه أحمد (رقم 2795) من طريق حماد بن سلمة عن عطاء بن السائب عن سعيد بن جبير عن ابن عباس مرفوعا

وهذا إسناد ضعيف رجاله كلهم ثقات، وعلته أن عطاء بن السائب كان قد اختلط وسمع منه حماد في هذه الحالة وقبلها أيضا، فقول الزرقاني في " شرح المواهب " (1 / 98) والشيخ أحمد شاكر في تعليقه على " المسند ": إسناده صحيح، غير مسلم، ومن المعروف عن الشيخ أحمد أنه يحتج في تصحيح هذا السند بأن حمادا سمع من عطاء قبل الاختلاط، ذكر ذلك في غير ما موضع من تعليقه على " المسند " وغيره وهو ذهول عما ذكره الحافظ في " تهذيب التهذيب " عن بعض الأئمة أنه سمع منه في الاختلاط أيضا، فلا يجوز حينئذ تصحيح حديثه إلا بعد تبين أنه سمعه منه قبل

والحديث أخرجه الحاكم (1 / 466) من طريق أخرى عن ابن عباس رفعه دون قصة الذبح، وصححه على شرط مسلم ووافقه الذهبي، وأخرجه أحمد (رقم 2707) من



طريق ثالث عنه أتم منه، وفيه القصة وفيه تسمية الذبيح إسماعيل، وهو الصواب لما تقدم بيانه في حديث: " الذبيح إسحاق " رقم (332)

#### বাংলা

৩৩৭। জিবরীল ইবরাহীমকে সাথে নিয়ে জামারাতুল আকাবার নিকট গেলেন। শয়তান তার সম্মুখে দাঁড়াল। তিনি তাঁকে সাতটি পাথর নিক্ষেপ করলেন। তাতে সে চিল্লিয়ে উঠল। অতঃপর যখন ইবরাহীম তার সন্তান ইসহাককে যাবহ করার ইচ্ছা করলেন; তিনি তার পিতাকে বললেনঃ হে আমার পিতা! আমাকে শক্ত করে বেঁধে ফেলুন যাতে আমি নড়াচড়া না করি। যাতে আমি আমাকে আপনি যখন যবহ করবেন তখন আমার রক্ত আপনার উপর উপর ছিটে না পড়ে। তিনি তাঁকে শক্ত করে বাঁধলেন এবং ছুরি দিয়ে তাঁকে যবহ করার ইচ্ছা করলেন, তখন তার পিছন হতে ডাক দেয়া হল "হে ইবরাহীম তুমি স্বপ্লকে সত্যে পরিণত করে দেখিয়েছ"।

## হাদীসটি দুর্বল।

এটি ইমাম আহমাদ (নং ২৭৯৫) হাম্মাদ ইবনু সালামা সূত্রে আতা ইবনুস সায়েব হতে বর্ণনা করেছেন।

এটির সনদ দুর্বল। কারণ এ আতা ইবনুস সায়েবের মস্তিষ্ক বিকৃতি ঘটেছিল। হাম্মাদ তার থেকে এ অবস্থাতে এবং এর পূর্বেও শুনেছেন। যারকানী যে "শারহুল মাওয়াহিব" গ্রন্থে (১/৯৮) বলেছেনঃ শাইখ আহমাদ শাকের মুসনাদের টীকায় বলেছেনঃ এটির সনদ সহীহ। এ কথা গ্রহণযোগ্য নয়। কারণ এটি প্রসিদ্ধ যে, শাইখ আহমাদ শাকের হাদীসটির সনদ সহীহ হওয়ার পিছনে দলীল হিসাবে উল্লেখ করেছেন যে, হাম্মাদ ইখতিলাতের (মস্তিষ্ক বিকৃতি ঘটার) পূর্বে আতা হতে শুনেছেন।

এটি হচ্ছে হাফিয় ইবনু হাজার "তাহযীবুত তাহযীব" গ্রন্থে কোন কোন ইমামের উদ্ধৃতিতে যা উল্লেখ করেছেন তা থেকে তার (পাশ কাটিয়ে) দ্রুত চলা। কারণ হাম্মাদ আতা হতে ইখতিলাতের মধ্যেও শুনেছেন। অতএব সহীহ বলা সঠিক হবে না যতক্ষণ পর্যন্ত স্পষ্ট না হবে যে তিনি ইখতিলাতের পূর্বে শুনেছেন।

হাদীসটি হাকিম (১/৪৬৬) অন্য একটি সূত্রে ইবনু আব্বাস (রাঃ) হতে মারফু হিসাবে যাব্হ করার কিস্সাটি বাদ দিয়ে উল্লেখ করেছেন এবং মুসলিমের শর্তানুযায়ী সহীহ এ কথা বলেছেন। যাহাবীও তাকে সমর্থন করেছেন।

ইমাম আহমাদ তৃতীয় একটি সূত্রে (নং ২৭০৭) বর্ণনা করেছেন। তাতে কিসসাটি আছে তবে ইসমাঈলকে যাবহ করার কথা বলা হয়েছে। এটিই সঠিক।

#### হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন